

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১০ আগস্ট, ২০১৬ ২২:৩৮

৩৪তম বিসিএসের ৮৯৮ প্রার্থীকে প্রাথমিকে প্রধান শিক্ষক নিয়োগ

অব্যাহত থাকবে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা পদে নিয়োগ

| নিজস্ব প্রতিবেদক

৩৪তম বিসিএসের ৮৯৮ প্রার্থীকে প্রাথমিকে প্রধান শিক্ষক নিয়োগ

৩৪তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পাননি তাদের মধ্য থেকে ৮৯৮ জনকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেওয়া হয়েছে। সরকারি কর্ম কমিশন (পিএসসি) গতকাল সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী চাকরিপ্রার্থীর প্রয়োজনীয় কাগজপত্র যাছাই করে নিশ্চিত হয়ে নিয়োগ তাদের নিয়োগ দেবে। ৩৪তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় ৬ হাজার ৫৮৪ জন উত্তীর্ণ হলেও তাদের মধ্যে থেকে দুই হাজার ১৫৯ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করে কমিশন। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পান না, তাদের মধ্য থেকে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগ দেওয়ার প্রক্রিয়া শুরু হয় ৩১তম বিসিএস থেকে।

বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে (যারা ক্যাডার পায়নি) দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা হিসেবে নিয়োগ দিতে ২০১৪ সালের ১৬ জুন নন-ক্যাডার পদের নিয়োগ বিধিমালা সংশোধন করে সরকার। ৩৪তম বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে এর আগে কয়েকশ প্রার্থীকে প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়। ৩৫তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশের আগ পর্যন্ত ৩৪তম বিসিএস থেকে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা পদে নিয়োগ অব্যাহত থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পায়নি তাদের মধ্য থেকে যারা প্রথম ও দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগ পেতে চান তাদের আলাদাভাবে কমিশনে আবেদন করতে হয়েছিল। এসব আবেদনকারীর মধ্য থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ দেওয়া হলো।

এদিকে পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক গতকাল বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ৩৪তম বিসিএসের নন-ক্যাডারদের মধ্য থেকে আজ ৫ শতাধিক চাকরিপ্রার্থীকে সরকারি মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হবে।

আগামী ২৫ আগস্টের মধ্যে ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হবে জানিয়ে তিনি বলেন, ১ সেপ্টেম্বর থেকে ৩৬তম বিসিএসের লিখিত পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। ১ অক্টোবর থেকে বিষয়ভিত্তিক লিখিত পরীক্ষা নেওয়া হবে। ৩০ সেপ্টেম্বর ৩৭তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর ৩৮তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ নেবে পিএসসি।

Print